

# CCRB-এর রেসিয়াল প্রোফাইলিং এবং বায়াস-বেজড পুলিশিং ইনভেস্টিগেশন ইউনিট

সিভিলিয়ান কমপ্লেইন্ট রিভিউ বোর্ড (সিসিআরবি) হল নিউ ইয়র্ক সিটির একটি সংস্থা যা নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগের সদস্যদের অসদাচরণ সম্পর্কে বেসামরিক নাগরিকদের অভিযোগের ভিত্তিতে তদন্ত করে মধ্যস্থতা এবং বিচার করে। আমরা স্বতন্ত্র এবং নিরপেক্ষ। আমরা NYPD.-এর অংশ নই।

## রেসিয়াল প্রোফাইলিং এবং পক্ষপাত-ভিত্তিক পুলিশিং কি?

রেসিয়াল প্রোফাইলিং সংগঠিত হয় যখন NYPD অফিসার আপনার বিরুদ্ধে আপনার প্রকৃত বা গ্রহণ করা বর্ণ, জাতিসত্তা, জাতীয় উৎস বা গায়ের রঙের কারণে আইনী ব্যবস্থা গ্রহণ করেন (যেমন, যানবাহন বা পথচারীকে থামানো, গ্রেফতার করা, সমন করা, অনুসন্ধান করা, মুভ-অ্যালং করার আদেশ দেওয়া এবং আরও অনেক কিছু)। পক্ষপাত ভিত্তিক পুলিশিং হয় যখন NYPD অফিসার আপনার ধর্ম, বয়স, অভিवासন অথবা নাগরিকত্বের অবস্থা, লিঙ্গ/লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখীতা, অক্ষমতা অথবা আবাসন অবস্থার জন্য আপনার বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করেন।

## রেসিয়াল প্রোফাইলিং এবং বায়াস-বেজড পুলিশিং ইউনিট কি?

স্থানীয় আইন 47 (2021), CCRB-এর “কর্তৃত্বের অপব্যবহার” এখতিয়ারে রেসিয়াল প্রোফাইলিং এবং পক্ষপাত-ভিত্তিক পুলিশিং অন্তর্ভুক্ত করেছে অর্থাৎ CCB এখন NYPD সদস্যদের দ্বারা সিভিলিয়ানদের প্রতি বৈষম্যমূলক আচরণের অভিযোগে তদন্ত করতে পারবে (পূর্বে এই সকল অভিযোগ NYPD কর্তৃক অভ্যন্তরীণ ভাবে তদন্ত করা হতো)। এই ধরনের অভিযোগগুলির তদন্ত করার জন্য CCRB রেসিয়াল প্রোফাইলিং এবং বায়াস-বেজড পুলিশিং ইউনিট (“RPBP” ইউনিট) নামের নতুন একটি তদন্ত ইউনিট তৈরি করেছে। RPBP এটর্নী, তদন্তকারী এবং ডেটা সাইনটিস্টদের দ্বারা গঠিত যারা একসাথে রেসিয়াল প্রোফাইলিং এবং বায়াস-বেজড পুলিশিং-এর অভিযোগ তদন্ত করেন।

## প্রোফাইলিং/বায়াস-বেজড পুলিশিং এর উদাহরণ:

- একজন পাগড়ি পরিহিত সিভিলিয়ান, একটা স্টপ সাইনে রোলিং স্টপ করার পরে তাকে তার গাড়িসহ থামানো হল। বেশিরভাগ চালক যারা পাগড়ি পরিহিত থাকে না তাদেরকেও স্টপ সাইনে রোলিং স্টপ করতে দেখা যায় তবে NYPD তাদের থামায় না।
- স্কুল থেকে বরখাস্তের পর, NYPD অফিসাররা একটি মিডিল স্কুলের কৃষ্ণাঙ্গ ছাত্রদের আশেপাশের এলাকা ছেড়ে চলে যেতে বলে। একই স্কুলের শ্বেতাঙ্গ ছাত্রদের ওই এলাকায় থাকতে দেওয়া হয়।
- এক ছুটির রাতে, দুইজন মহিলা এক কোনায় দাঁড়িয়ে তাদের মোবাইল ফোন চেক করছিল। প্রথমে একজন ট্রান্সজেন্ডার মহিলা কে অফিসাররা থামায়, তারপর তার কাছ থেকে তার পরিচয় এবং তার কার্যকলাপ সম্পর্কে জানতে চায়। দ্বিতীয়জন যাকে সিসজেন্ডার বলে মনে হয় তাকে আটকানো, জিজ্ঞাসাবাদ করা বা পরিচয় দেওয়ার জন্য বলা হয়নি।
- গভীর রাতে একটি সাবওয়ে কারে, NYPD অফিসাররা একজন ঘুমন্ত ব্যক্তিকে নামিয়ে দেন যাকে দেখে মনে হয় তিনি গৃহহীনতার সম্মুখীন হচ্ছেন এবং তাকে একটি সমন জারি করেন, কিন্তু একই গাড়িতে আরও দুজন পুরুষ যারা ঘুমাচ্ছিলেন কিন্তু গৃহহীনতার সম্মুখীন হচ্ছেন বলে মনে হয় না তাদেরকে ট্রেনে থাকতে দেওয়া হয়।
- দুইজন অফিসার আনুমানিক রাত 2 টার দিকে ফুটপাথ দিয়ে হেটে যাওয়া তিনজন তরুণ ল্যাটিনো পুরুষকে থামায়, অতঃপর তাদেরকে তল্লাশি চালায় এবং জিজ্ঞাসা করে তাদের কাছে কোন অস্ত্র আছে কিনা। তারা যখন জিজ্ঞাসা করে কেন তাদেরকে থামানো হয়েছে, অফিসারগণ তাদের বলে যে এত রাতে এই 3 জন যুবকের এখান দিয়ে ঘুরে বাড়ানোর কোন কারণ নেই এবং এখানে 20 বছর বয়সী ল্যাটিনোদের দ্বারা কয়েকবার গোলাগোলির ঘটনা ঘটেছে।

## অভিযোগ দায়ের করুন

আমাদের সাথে যোগাযোগের বিভিন্ন উপায় রয়েছে: আমাদেরকে কল করতে পারেন 1-800-341-2272 (CCRB) অথবা 311 নম্বরে; অনলাইনে [www.nyc.gov/ccrbcomplaint](http://www.nyc.gov/ccrbcomplaint)-এ যান অথবা 100 Church Street, 10th Fl. New York 10007 -এ আমাদের অফিসে আসুন, আপনি যেভাবেই অভিযোগ দায়ের করবেন না কেনো, অনুগ্রহ করে আপনার বর্তমান ফোন নম্বর, ইমেইল অ্যাড্রেস অথবা চিঠি পাঠানোর ঠিকানা প্রদান করবেন যাতে একটি লাইভ বিবৃতির জন্য আমরা আপনার সাথে যোগাযোগ করতে পারি। আরও জানতে,

- ভিজিট করুন [nyc.gov/ccrb](http://nyc.gov/ccrb)
- আপনার কমিউনিটিতে CCRB-এর সম্পর্কে একটি প্রেজেন্টেশনের অনুরোধ করতে [outreach@ccrb.nyc.gov](mailto:outreach@ccrb.nyc.gov)-এ ইমেল করুন।
- আমাদের মাসিক বোর্ড মিটিং এ অংশগ্রহণ করুন যেখানে আপনি পুলিশ-কমিউনিটি সম্পর্কের বিষয়ে আপনার মতামত জানাতে পারবেন।